বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১২০

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২০ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: পুঁজিবাজারের বিনিয়োগকারীদের সংগঠনের প্রতিনিধিদের মতবিনিময় সভা আয়োজন প্রসঙ্গে।**

বাংলাদেশের পুঁজিবাজারের টেকসই উন্নয়ন ও সংস্কারের জন্য নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিএসইসি'র সাথে সাথে বর্তমান সরকারও দেশের পুঁজিবাজারের টেকসই উন্নয়ন ও সংস্কারের বিষয়ে অত্যন্ত আন্তরিক। পুঁজিবাজারের অংশীজনদের মতামত এবং তাদের সাথে নিয়েই বাজারের টেকসই উন্নয়ন ও সংস্কার বাস্তবায়ন সম্ভব বলে বিএসইসি মনে করে। সংস্কারের চলমান প্রক্রিয়া অনুসরণ করে দেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের মতামত, অংশগ্রহণ ও সহযোগিতায় একটি স্বচ্ছ ও সমৃদ্ধ পুঁজিবাজার গড়ে তুলতে বিএসইসি বদ্ধ পরিকর। সাধারণ বিনিয়োগকারী দেশের পুঁজিবাজারের প্রাণ এবং বিএসইসি'র দায়িত্ব হচ্ছে "বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ"।

**দেশের পুঁজিবাজারের বর্তমান অবস্থা বিবেচনায় নিয়ে বিএসইসি'র উদ্যোগে পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীদের সংগঠনগুলোর প্রতিনিধিদের সাথে আগামী ২৯ মে ২০২৫ তারিখ বেলা ১২:০০ টায় একটি মতবিনিময় সভা আয়োজিত হবে। অনুষ্ঠিতব্য উক্ত মতবিনিময় সভায় সভাপতিত্ব করবেন মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী।** এছাড়াও বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ উক্ত সভায় উপস্থিত থাকবেন। উক্ত সভায় মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী ও বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীদের সংগঠনগুলোর প্রতিনিধিদের সাথে পুঁজিবাজারের বিভিন্ন বিষয়ে মতবিনিময় করবেন।

উক্ত মতবিনিময় সভায় পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীদের সংগঠনগুলোর প্রতিনিধিদের অংশগ্রহণ একান্ত কাম্য। **মতবিনিময় সভাটিতে বিনিয়োগকারীদের সংগঠনগুলোর পক্ষ থেকে সভাপতি ও সাধারণ সম্পাদককে অংশগ্রহণ করার অনুরোধ জানানো যাচ্ছে। তবে মতবিনিময় সভাটি সুষ্ঠু ও সফলভাবে সম্পাদনের নিমিত্ত বিনিয়োগকারীদের সংগঠনগুলোর সভাপতি ও সাধারণ সম্পাদক-কে সভায় অংশগ্রহণের সম্মতি প্রকাশ করে তাদের নাম-পরিচয় ও যোগাযোগের ফোন নম্বরসহ বিস্তারিত উল্লেখ করে সংগঠনের প্যাডে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বরাবর কমিশনের দাপ্তরিক ইমেইল ঠিকানায় (info@sec.gov.bd) পত্র প্রেরণের অনুরোধ করা যাচ্ছে। অবশ্যিকভাবে আগামী ২৫ মে ২০২৫ তারিখের মধ্যে ইমেইল ঠিকানায় (info@sec.gov.bd) পত্র প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মো. মোহাইমিনুল হক
জনসংযোগ কর্মকর্তা ও সহকারী মুখপাত্র